**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 03-02-2026** **Desk in Charge: S.D.G.**

**Time : 7-35 AM** **Compiling : DSS**

**DEO : KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আজ শুরু হচ্ছে। # সংক্ষিপ্ত এই অধিবেশনে বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট প্রস্তাব পেশ করা হবে।

২/ পশ্চিমবঙ্গের SIR প্রক্রিয়া নির্ধারিত সময়- ৭'ই ফেব্রুয়ারীর মধ্যেই সম্পূর্ণ করা সম্ভব হবে বলে নির্বাচন কমিশন আস্থা ব্যক্ত করেছে।

৩/ SIR নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর যাবতীয় অভিযোগ খারিজ করে দিয়েছে কমিশন ।

৪/ আই প্যাকের কর্নধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশি ঘটনা নিয়ে সুপ্রিম কোর্টে দায়ের মামলার আজ শুনানি।

৫/ আদালতের নির্দেশ সত্বেও পশ্চিমবঙ্গ সরকার, কলকাতার চিংড়িঘাটায় মেট্রো রেল প্রকল্পের জন্য জমি দেয়নি বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো অভিযোগ করেছেন।

৬/ কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে।

৭/ 'ফ্র্যাঙ্ক ওরেল ডে' –তে ইডেনে আজ রক্তদান শিবিরে আয়োজন করা হচ্ছে।

*******************************************************************

রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আজ শুরু হচ্ছে। চলবে ৯'ই ফেব্রুয়ারী পর্যন্ত। সংক্ষিপ্ত এই অধিবেশনে বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট বা ব্যয় মঞ্জুরি প্রস্তাব পেশ করা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় গতকাল প্রথামাফিক সর্বদলীয় ও কার্য উপদেষ্টা কমিটির বৈঠকের পর জানান, সাম্প্রতিককালে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব গ্রহণের মধ্যে দিয়ে অধিবেশনের সূচনা হবে। তারপরে সভা দিনের মতো মুলতুবি হয়ে যাবে।

বিরোধী বিজেপির কোনো প্রতিনিধি অবশ্য গতকালের বৈঠকে যোগ দেননি।

একটি প্রতিবেদন- ( ভিসি অভিরূপ )

*****************************

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নির্ধারিত সময় অর্থাৎ ৭ই ফেব্রুয়ারির মধ্যেই সম্পূর্ণ করা সম্ভবপর হবে বলে নির্বাচন কমিশন আস্থা ব্যক্ত করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল সাংবাদিকদের বলেন, দেড় কোটিরও বেশি ভোটদাতার শুনানি প্রক্রিয়া এখন চূড়ান্ত পর্যায়ে। নির্ধারিত দিন এর মধ্যেই এই কাজ শেষ হবে বলে তাঁর দাবি।

পাশাপাশি চূড়ান্ত ভোটার তালিকা সম্পূর্ণ নির্ভুল ও ত্রুটিমুক্ত রাখতে সর্বস্তরে নজরদারির উপর গুরুত্ব দেওয়া হচ্ছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন। বিভিন্ন শুনানির পর যে সমস্ত তথ্য আপলোড করা হচ্ছে, মাইক্রো অবসারভাররা তা খুঁটিয়ে পরীক্ষা করে দেখছেন। অন্যদিকে বিশেষ পরজবেক্ষকরা অনলাইনে জমা করা সব নথি পত্র ও তথ্য সুপার চেকিং বা পুঙ্খানুপুঙ্খভাবে খুঁটিয়ে বিস্তারিত পরীক্ষা করছেন।

এতদিন যে সমস্ত মাইক্রো অবসারভার শুনানি কেন্দ্রে ছিলেন, তাদের এখন ভোটার তালিকা চূড়ান্ত করার কাজে নিযুক্ত রোল অবসারভারদের সহায়তা করার কাজে লাগানো হয়েছে। ৭ লক্ষ ৪৪ হাজারেরও বেশি ভোটদাতা ইতিমধ্যেই তালিকায় তাদের নাম অন্তর্ভুক্তির জন্যে আবেদন করেছেন বলেও মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

****************************

SIR প্রক্রিয়ায় নাম ও পদবীর বানান ভুল করে ভোটদাতাদের হয়রানির জন্য জড়িতদের সাসপেন্ড করার দাবি জানিয়ে বিজেপির এক প্রতিনিধি দল গতকাল লোকভবনে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে স্মারকলিপি দেয়। ১৫ সদস্যের ওই প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরে সাংবাদিকদের তিনি বলেন, SIR প্রক্রিয়া ব্যহত করার জন্যই পরিকল্পিতভাবে BLO, ERO, AERO দের একাংশ, নাম ও পদবীর বানান ভুল করছেন। এদের সাসপেন্ড করার পাশাপাশি বসিরহাট দুই-এর বিডিও-র মতো মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, কোচবিহার ও পূর্ব মেদনীপুরের জেলাশাসককেও সাসপেন্ড করার দাবি জানানো হয়েছে ওই স্মারকলিপিতে।

( বাইট- শুভেন্দু লোকভবনে )

শ্রী অধিকারী আরো জানান, SIR নিয়ে রাজ্যের মুখ্য সচিবের সঙ্গে আলোচনার জন্য তিনি তিনবার চিঠি দিয়েছেন। তার প্রেক্ষিতে তাঁকে আগামী শুক্রবার ৬'ই ফেব্রুয়ারি সাক্ষাতের সুযোগ দেওয়া হয়েছে।

অন্যদিকে, রাজ্য সরকারের নির্দেশে SIR প্রক্রিয়া বিকৃত করা এবং অসত্য তথ্য জমা দেওয়ার অভিযোগে বিজেপি গতকাল বিভিন্ন জেলায় বিক্ষোভ দেখায় জেলাশাসকদের কার্যালয়ের সামনে।

****************************

নির্বাচন কমিশন, SIR নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর যাবতীয় অভিযোগ খারিজ করে দিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও অন্য দুই নির্বাচন কমিশনার গতকাল মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের বক্তব্য শোনার পরেও, তাঁদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তোলা হয়েছে বলে কমিশন জানিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার, মুখ্যমন্ত্রীর সব প্রশ্নের জবাব দিয়েছেন বলেও কমিশনের তরফে জানানো হয়েছে। এও বলা হয়েছে, আইন নিজের নিয়মেই চলবে। কিন্তু কেউ যদি আইন নিজের হাতে নিতে চায়, সেক্ষেত্রে কমিশন তার ক্ষমতা প্রয়োগ করে কঠোর ব্যবস্থা নেবে। রাজ্যের SIR-এর কাজে যুক্ত আধিকারিকদের কেউ কোনোভাবে কোনোরকম

বাধা বা চাপের সম্মুখীন হলে, তাও বরদাস্ত করা হবেনা বলে কমিশন স্পষ্ট জানিয়েছে। এছাড়া, BLO-দের ভাতা সময়ের মধ্যে দেওয়ার কথাও বলেছে কমিশন।

উল্লেখ্য, রাজ্যে SIR প্রক্রিয়ায় অনিয়ম ও প্রাণহানির অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী গতকাল নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠকে বসেন। কিন্তু ঘন্টাখানেক পর বৈঠক ছেড়ে বেরিয়ে এসে তিনি অভিযোগ করেন, কমিশন কেন্দ্রের হয়ে কাজ করছে। SIR প্রক্রিয়ায় রাজ্যের ভোটার তালিকা থেকে ৫৮ লক্ষ মানুষের নাম বাদ দেওয়া হয়েছে বলে দাবী করেন তিনি।

এদিকে, তৃণমূল কংগ্রেস দিল্লিতে দুর্বল নাটক মঞ্চস্থ করেছে বলে বিজেপির পাল্টা দাবী। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে বলেন, গোটা দেশ ও পশ্চিমবঙ্গের মানুষ এই নাটক দেখেছেন। কিন্তু তাঁরা কোনোভাবেই বিভ্রান্ত হবেন না।

******************************

জাতীয় রাজধানীতে থাকাকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে Z প্লাস নিরাপত্তা দেওয়া হয়েছে বলে, দিল্লী পুলিশ স্পষ্ট জানিয়েছে। পুলিশের স্পেশাল কমিশনার দেবেশ শ্রীবাস্তব গতকাল সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রীর নিরাপত্তা সুনিশ্চিত করা তাঁদের দায়িত্ব। পশ্চিমবঙ্গ পুলিশের থেকে আগাম খবর পাওয়ার পর চানক্যপুরীর বঙ্গভবনে আইনশৃঙ্খলা রক্ষায় কঠো নিরাপত্তার বন্দোবস্ত করা হয় বলেও জানান তিনি।

(বাইট- দেবেশ )

পুলিশ আরো জানিয়েছে, বঙ্গভবনের ভেতর কোনো পুলিশ কর্মী প্রবেশ করেনি এবং কারোর গতিবিধিতে বাধা দেওয়া হয়নি। কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর কাছ থেকে সহায়তা চাওয়া হয়েছে এবং দিল্লির বিভিন্ন অতিথি নিবাস ও হোটেলে নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

এদিকে, বঙ্গভবনের নিরাপত্তা আরো জোরদার করতে রাজ্য পুলিশ দিল্লি গেছে। পুলিশের র‍্যাপিড অ্যাকশান ফোর্সের পাশাপাশি সশস্ত্র বাহিনীর একটি দল গতরাতে

দিল্লি রওনা দেয়। DSP পদ মর্যাদার একজন আধিকারিকের নেতৃত্বে ওই দলে আছেন ২২ জন পুলিশ আধিকারিক।

*****************************

বিজেপি'ও, দিল্লী পুলিশ বঙ্গভবন ঘিরে রেখে এক্তিয়ার বহির্ভূতভাবে তল্লাশি চালিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অভিযোগ'ও খারিজ করে দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, পর্যাপ্ত তথ্যের ভিত্তিতেই দিল্লি পুলিশের এই পদক্ষেপ।

উল্লেখ্য, নতুন দিল্লিতে বঙ্গভবনে আজ সকালে দিল্লি পুলিশের তল্লাশি চালানোর অভিযোগে সরব হন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

*****************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট প্রস্তাব এবং প্রতিক্রিয়া "। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন কেন্দ্রীয় বাজেট পেশ করার পর সমাজের ভিন্ন স্তরের মানুষের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*****************************

রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা- আইপ্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায়, সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলায় হলফনামা জমা দিয়েছে রাজ্য সরকার। সেখানে, মামলার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছে রাজ্য। ইডির তরফেও জবাবি হলফনামা জমা পরেছে। আজ এই মামলার শুনানি। হলফনামায় রাজ্যের পক্ষ থেকে  দাবী করা হয়েছে, কলকাতা হাইকোর্টে একই  মামলা বিচারাধীন থাকায় দু'জায়গায় ইডির পিটিশন দায়ের, সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদের পরিপন্থী। ইডির পক্ষ থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী ও তার পুলিশ প্রশাসন ইডির আধিকারিকদের কাজে সহযোগিতা করার পরিবর্তে একাধিক বার বাধা দিয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

****************************

বিরোধী রাজনৈতিক দলের বিধায়ক, মন্ত্রী ও সাংসদদের অনুষ্ঠানে যাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে, তা সুনিশ্চিত করতে পুলিশকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, এব্যাপারে পুলিশকে সতর্ক থাকার এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার কথা জানিয়েছেন। বিরোধী দলের নেতা, মন্ত্রী, বিধায়কদের যে কোন অনুষ্ঠানে তৃণমূল সমর্থকদের উপস্থিতি নিয়ন্ত্রণ করার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সভা বা অনুষ্ঠান স্থলের ২০০ মিটারের মধ্যে শাসক দলের কোন কর্মী সমর্থক যাতে পৌঁছাতে না পারে, সেই মর্মে গাইডলাইন বেধে দেওয়ার আর্জি জানান তিনি। ১৮ ফেব্রুয়ারি এই মামলার পরবর্তী শুনানি।

****************************

পশ্চিমবঙ্গ সরকার, আদালতের নির্দেশ সত্বেও কলকাতার চিংড়িঘাটায় মেট্রো রেল প্রকল্পের জন্য জমি দেয়নি বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো অভিযোগ করেছেন। তিনি গতকাল বাজেট পরবর্তী এক ভার্চুয়ালি সাংবাদিক বৈঠকে এই অভিযোগ করেন।

( বাইট- বৈষ্ণো/ চিংড়িঘাটা )

পরিসংখ্যান দিয়ে তিনি জানান, গত ৪০ বছরে কলকাতায় মাত্র ২৭ কিলোমিটার মেট্রোর লাইন পাতা হয়েছিল। কিন্তু NDA সরকারের আমলে মাত্র ১১ বছরে ৪৫ কিলোমিটার মেট্রোর লাইন সম্প্রসারিত হয়েছে।

রেল মন্ত্রী আরো জানান, দেশের মধ্যে প্রথম পশ্চিমবঙ্গেই বুলেট ট্রেন চলাচল করবে। বারাণসী থেকে শিলিগুড়ি পর্যন্ত প্রথমে এই ট্রেন চালানো হবে। তারপর তা' সম্প্রসারিত হবে আসাম পর্যন্ত।

****************************

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২৭ লক্ষ মানুষ গতকাল পর্যন্ত মেলায় এসেছেন বলে কর্তৃপক্ষ জানিয়েছে। আজ

বিকেলে এক অনুষ্ঠানে সেরা প্রকাশকদের পাবলিশার্স এন্ড বুক সেলারস গিল্ডের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে। সন্ধ্যার পর চিরাচরিত রীতি অনুযায়ী মেলার ঐতিহ্যবাহী ঘন্টাধ্বনির মাধ্যমে গিল্ড অফিসের সামনে মুক্তমঞ্চে কৃতি সাহিত্যিক ও বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের উপস্থিতিতে মেলার সমাপ্তি অনুষ্ঠান হবে।

****************************

প্রতিবারের মতো এবারেও ফ্রাঙ্ক ওরেল দিবস উপলক্ষে আজ ইডেনে ডাক্তার বি সি রায় ক্লাব হাউসে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল 'সিএবি-র' র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এবং অ্যাসোসিয়েশন অফ ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গলের সহযোগিতায় শিবির শুরু হবে সকাল ৯ টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। ভারতের টি টোয়েন্টি দলের অধিনায়ক সূর্য কুমার যাদবের স্বাক্ষরিত শংসাপত্র রক্তদাতাদের দেওয়া হবে।

কলকাতা ছাড়াও বিভিন্ন জেলায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে।

****************************

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে আজ বাংলা, সার্ভিসেসের বিরুদ্ধে খেলবে। গতবারের চ্যাম্পিয়ন বাংলা গ্রুপ এ-র শীর্ষে থেকে শেষ আটে উঠেছে। অসমের ডিব্রুগড়-এর ঢাকুয়াখানা স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়।

অন্য কোয়ার্টার ফাইনালে রেলওয়ে-রাজস্থানের, তামিলনাড়ু-পাঞ্জাবের এবং কেরালা - অসমের মুখোমুখি হবে। দুটি সেমিফাইনাল হবে বৃস্পতিবার। ফাইনাল খেলা রবিবার।

*******************************************************************